

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৭১

১/ বিবিধ

আরবী

احذروا البغي فإنه ليس من عقوبة هي أحضر من عقوبة البغي
ضعيف جدا

واه ابن أبي الدنيا في " ذم البغي " (31 / 1 - 2) عن أبي إسحاق عن الحارث عن علي
مرفوعا

قلت: وهذا إسناد ضعيف جدا، الحارث هو الأعور، وهو ضعيف جدا، كما تقدم
مرارا. والحديث عزاه السيوطي لابن عدي وابن النجار عن علي، وبيض له المناوي
فلم يتكلم على إسناده بشيء

বাংলা

১৮৭১। তোমরা অত্যাচার করা হতে সাবধান হও। কারণ অত্যাচারের শাস্তির চেয়ে বেশী দ্রুত উপস্থিত হওয়ার
মত শাস্তি আর নেই।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনু আবিদ দুনিয়া “যাম্মুল বাগী” গ্রন্থে (৩১/১-২) আবু ইসহাক হতে, তিনি হারেস হতে, তিনি আলী
(রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। হারেস হচ্ছেন আলআওয়ার। তিনি খুবই দুর্বল যেমনটি বারবার
তার সম্পর্কে আলোচনা করা হয়েছে। হাদীসটিকে সুয়ুতী আলী হতে ইবনু আদী ও ইবনুন নাজ্জারের উদ্ধৃতিতে
উল্লেখ করেছেন। আর মানবী এর সনদ সম্পর্কে কিছুই বলেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72754>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন